**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরায় গ্রামীণ এলাকায় নলের মাধ্যমে পানীয় জল পৌঁছানোর কাজ চলতি বছরের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে শেষ করার লক্ষমাত্রা নেওয়া হয়েছে ।**

**(২) মহারাষ্ট্র সরকারের পরিবেশ ও পশুপালন মন্ত্রী পঙ্কজা গোপীনাথ মুন্ডে দু'দিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আজ আগরতলায় এসে পৌঁছেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, PMFBY-র আজ নয় বছর পূর্ণ হয়েছে ।**

**(৪) সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে উঠেছে প্রগতি প্লে সেন্টার ও জুয়েলস কোচিং সেন্টার ।**

******************************************

**Jal Jeevan Mission–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরায় গ্রামীণ এলাকায় নলের মাধ্যমে পানীয় জল পৌঁছানোর কাজ চলতি বছরের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে শেষ করার লক্ষমাত্রা নেওয়া হয়েছে। আজ রাজস্থানের জয়পুরে জলশক্তি মন্ত্রকের অধীন জাতীয় জল মিশনের উদ্যোগে দ্বিতীয় বিভিন্ন রাজ্যের জল সম্পদ মন্ত্রীদের দ্বিতীয় সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, এখন পর্যন্ত রাজ্যে ৪ হাজার ৩৪৭টি বিদ্যালয়ে এবং ৮৮ হাজার ৪৩৫টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে নলের মাধ্যমে জল পৌঁছোনোর কাজ চলছে। এশিয়ান ডেভলেপমেন্ট ব্যাঙ্কের সহায়তায় রাজ্যের ১২টি শহরে সবসময়ের জন্য জলের ব্যবস্থা করা হয়েছে। মুখ্যমন্ত্রী

বলেন রাজ্যে ৭ লক্ষ ৫০ হাজার বাড়ির মধ্যে ৬ লক্ষ ৩৮ হাজার বাড়িতে জল পৌঁছানো হয়েছে। পানীয় জলের জন্য রাজ্যের ৮টি জেলায় ৯৭৫টি অমৃত সরোবর ও নির্মাণ করা হয়েছে। তিনি আরো বলেন, জলের চাহিদা মেটাতে ৩০৩টি উদ্ভাবনী জল প্রকল্প গ্রহণ করা হয়েছে। যার মধ্যে ২৫১টির কাজ চলছে। তিনি বলেন পরিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য আয়রন রিমুভাল প্ল্যান্ট নির্মাণ করা হয়েছে। তাছাড়া ১ হাজার ২৬২ জন নলজল মিত্রদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তিনি বলেন কৃষিকাজে কৃষকদের সাহায্যের জন্য জলাশয় নির্মাণ করা হয়েছে, যা পর্যটকদের ও আকর্ষণ করে। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় জল শক্তিমন্ত্রী সি.আর.পাটিল, রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা, উড়িষ্যার মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি প্রমুখ।

*****************************

**Pankaja G Munde :**

মহারাষ্ট্র সরকারের পরিবেশ ও পশুপালন মন্ত্রী পঙ্কজা গোপীনাথ মুন্ডে দু'দিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আজ আগরতলায় এসে পৌঁছেছেন। তিনি আজ আগরতলার লিচুবাগানস্থিত ব্যাম্বু অ্যান্ড কেইন ডেভেলপমেন্ট ইনস্টিটিউশনে যান। সেখানে বিভিন্ন প্রজাতির বাঁশ ও বাঁশের তৈরি বিভিন্ন কারুকার্য ঘুরে দেখেন। ইনস্টিটিউশনের প্রশিক্ষনার্থী ও কারুশিল্পীদের সঙ্গে তিনি কথা বলেন। শ্রীমতি মুন্ডে সাংবাদিকদের জানান, ত্রিপুরার মত মহারাষ্ট্রেও ব্যাম্বু মিশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে। আগামী দিনে ত্রিপুরার সঙ্গে মহারাষ্ট্র সরকারের এই বিষয়ে মউ স্বাক্ষরিত হতে পারে। তিনি আশা প্রকাশ করেন বাঁশকে ভিত্তি করে আগামী দিনে নানা ধরনের শিল্প কারখানা গড়ে উঠতে পারে। জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রেও বাঁশ গুরুত্বপূর্ন ভূমিকা রয়েছে। শুধু তাই নয় বাঁশকে ভিত্তি করে বিভিন্ন নির্মাণ কাজের পাশাপাশি কর্মসংস্থানেরও সুযোগ রয়েছে।

########Byte- Pankaja Munde######

শ্রীমতি মুন্ডে আজ আগরতলায় বাঁশ সম্পর্কিত বিষয় নিয়ে রাজ্য সরকারের পদস্থ আধিকারিকদের সঙ্গেও আলোচনা করেন। উপস্থিত ছিলেন মহারাষ্ট্র

সরকারের পরিবেশ দপ্তরের প্রধান সচিব বিনীতা সিঙ্গাল, রাজ্য সরকারের ব্যাম্বু মিশনের সিইও চৈতন্য মূর্তি, অধিকর্তা মোহাম্মদ সাজ্জাদ প্রমুখ।

*********************************

**Disha-Biplab Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেবের পৌরহিত্যে আজ আগরতলায় রাজ্য অতিথিশালায় পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক দিশা কমিটির পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প এবং পরিকল্পনা রাজ্য সরকার বাস্তবায়িত করে। এই পরিকল্পনাগুলিকে সঠিকভাবে জনগণের কাছে পৌঁছে দিতেই প্রতি তিন মাস অন্তর অন্তর দিশার বৈঠক করা হয়ে থাকে। এরই অঙ্গ হিসেবে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে আজ বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

######Byte-Biplab Deb######

**************************

**FPO Mela :**

আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে চলছে কৃষি ও কৃষক কল্যান দপ্তরের উদ্যোগে তিন দিন ব্যাপি এফ পি ও অর্থাৎ কৃষক উৎপাদন সংগঠন মেলা। আজ মেলার দ্বিতীয় দিনেও ক্রেতা বিক্রেতাদের দারুন উৎসাহ পরিলক্ষিত হয়। এই নিয়ে একটি প্রতিবেদন

#########Voice Capsule#########

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PMFBY :**

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, PMFBY-র আজ নয় বছর পূর্ণ করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৬ সালে এই প্রকল্পটি চালু করেছিলেন, যার লক্ষ্য প্রাকৃতিক দুর্যোগের ফলে ফসলের ক্ষতি হলে ক্ষতিগ্রস্তদের কৃষকদের আর্থিক সহায়তা প্রদান করা।

এই প্রকল্পটি কৃষকদের আয় স্থিতিশীল করার পাশাপাশি উদ্ভাবনী কৃষি পদ্ধতি গ্রহণের প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই প্রকল্পের সাফল্য এবং সম্ভাবনার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৫-২৬ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা এবং পুনর্গঠিত আবহাওয়া-ভিত্তিক ফসল বীমা প্রকল্প অব্যাহত রাখার অনুমোদন দিয়েছে, যার মোট বাজেট ৬৯ হাজার ৫১৫ কোটি টাকারও বেশি।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১১৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum -এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-

11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

****************************

**Pariksha Pe Charcha :**

UPSC, IIT-JEE, CBSE এবং ICSE পরীক্ষায় শীর্ষস্থানাধিকারীরা আজ "পরীক্ষা পে চর্চা ২০২৫" এর ৮ম এবং শেষ পর্বে তাদের সাফল্যের কাহিনী তুলে ধরেছেন। তারা বলেন যে পরীক্ষার সময়, শিক্ষার্থীরা তাদের সমস্ত তথ্য স্মৃতিতে ধরে রক সম্ভব নয়, তাই পরীক্ষায় প্রায়শঃই জিজ্ঞাসিত নির্দিষ্ট বিষয়গুলিতে মনোনিবেশ করাতে হবে। তারা শিক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রশ্নপত্রগুলি সমাধান করার কথা বলেন। ২০২২-২৩ সালের CBSE শীর্ষস্থানীয় রাধিকা সিংহল বলেন যে পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপও গুরুত্বপূর্ণ কারণ এটি আত্মবিশ্বাস তৈরি করে। আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন যে  পরীক্ষা পে চর্চা, পরীক্ষার সঙ্গে সম্পর্কিত চাপকে ইতিবাচক শক্তিতে রূপান্তরিত করার লক্ষ্যে একটি সুযোগে পরিণত হয়েছে।

****************************

**Drone Tecnology :**

ড্রোন টেকনোলজির মাধ্যমে আগরতলা পুর নিগম এলাকায় ভূমি জরিপের কাজ শুরু হল। পুর নিগমের কনফারেন্স হলে আয়োজিত অনুষ্ঠানে উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল আজ এই কর্মসূচির সূচনা করেন। উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার, বিধায়িক মিনারাণী সরকার, পুর কমিশনার শৈলেশ কুমার যাদব প্রমুখ। মেয়র শ্রী মজুমদার জানান, পুর নিগম এলাকায় এই ভূমি জরিপের কাজ আগামী একবছরের সম্পূর্ণ হবে। এরফলে পুর নিগম এলাকায় বসবাসকারী সমস্ত নাগরিকের হাতে থাকবে সঠিক আপ টু ডেট ভূমি রেকর্ড, হ্রাস পাবে ভূমি বিরোধ, সরলীকৃত হবে সম্পত্তি লেনদেন এবং উন্নত হবে নগর পরিকল্পনা, স্বচ্ছতা বৃদ্ধি পাবে এবং জমি সংক্রান্ত বিষয়ে জালিয়াতি, দুর্নীতি প্রতিরোধ সম্ভব হবে।

************************

**National Career :**

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় রাজ্যের মডেল কেরিয়ার সেন্টার-ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আগরতলার ব্যবস্থাপনায় আজ শ্রম ভবনে এক চাকরী মেলার আয়োজন করা হয়। রাজ্যের চারটি এবং বহিরাজের একটি কোম্পানিতে ১৩টি ক্যাটাগরিতে আড়াইশো পদের জন্য প্রার্থীদের নির্বাচিত করা হয়।

*************************

**Under 15 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে উঠেছে প্রগতি প্লে সেন্টার ও জুয়েলস কোচিং সেন্টার। আজ আসরের শেষ দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে প্রগতি প্লে সেন্টার ১১১ রানে জিবি কোচিং সেন্টারকে এবং আম্বেদকর মাঠে জুয়েলস কোচিং সেন্টার ৭ রানে এগিয়ে চলো সংঘকে হারিয়ে দেয়।

****************************